



# FEED THE FUTURE

The U.S. Government's Global Hunger & Food Security Initiative

## ওয়ান স্টপ সার্ভিস সেন্টার

ওয়ান স্টপ সার্ভিস সেন্টারে মাছ চাষে সংশ্লিষ্টদের বিশেষ করে প্রান্তিক মাছ চাষীদের জন্য অনেকগুলো সেবা প্রদান করা হয়। প্রচলিত ডিলার পয়েন্ট বা খুচরা বিক্রেতা পয়েন্ট এবং ওয়ান স্টপ সার্ভিস সেন্টার এর মধ্যে মৌলিক পার্থক্য হচ্ছে, এখানে মূল পণ্য ব্যবসার পাশাপাশি বেশ কিছু পরিষেবা বিনামূল্যে এবং কিছু পরিষেবা আর্থিক মূল্যের বিনিময়ে পাওয়া যায়।

### একটি আদর্শ ওয়ান স্টপ সার্ভিস সেন্টারে যেসব সেবা পাওয়া যায়

১. মানসম্পন্ন মাছের উপকরণ (পোনা, খাবার, ঔষধ, ইত্যাদি)
২. মাছ চাষ বিষয়ক তথ্য ও পরামর্শ
৩. পুকুরের মাটি এবং পানির গুণাগুণ পরীক্ষা
৪. মাছ চাষে ব্যবহৃত আধুনিক যন্ত্রপাতি
৫. মাছের উপকরণ এবং মাছ পরিবহন
৬. আর্থিক, ব্যাংকিং ও ঋণ সেবার তথ্য
৭. মাছ কেনাবেচায় সহায়তা।



### সেবার বিবরণ

#### মানসম্পন্ন মাছের উপকরণ বিক্রয় (পোনা, খাবার, ঔষধ, ইত্যাদি)

ওয়ান স্টপ সার্ভিস সেন্টার উন্নত মানের পোনা, খাবার, ঔষধ সরবরাহ করে। গুণগত মানের পণ্য বলতে বুঝায় এ সকল পণ্য তৈরিতে অবশ্যই উৎপাদন এবং প্রক্রিয়াজাতকরণ পর্যায় থেকে সেন্টারে পৌঁছানো পর্যন্ত যথাযথ পদ্ধতি মেনে চলতে হবে। পণ্যগুলো অবশ্যই সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত হতে হবে। উদাহরণ স্বরূপ: ইনব্রিডিং এড়িয়ে মানসম্পন্ন ব্রুড থেকে মাছের পোনা উৎপাদন এবং মানসম্মত প্রজনন পদ্ধতি অনুসরণ; পানিতে স্থিতিশীল থাকার জন্য খাদ্যে প্রোটিন এবং অন্যান্য উপাদানের সঠিক অনুপাত বজায় রাখা এবং মৎস্য অধিদপ্তর দ্বারা অনুমোদিত হওয়া।



#### মাছচাষ বিষয়ক তথ্য ও পরামর্শ-সেবা

ওয়ান স্টপ সার্ভিস সেন্টারে কৃষকদের মাছ চাষ সংক্রান্ত সব ধরনের তথ্য এবং পরামর্শ সেবা প্রদান করা হয়। এসব তথ্যের মধ্যে রয়েছে আধুনিক চাষ কৌশল, উন্নত চাষ প্রযুক্তি, উন্নত ব্যবস্থাপনা পদ্ধতি, খাদ্য ব্যবস্থাপনা, রেকর্ড রাখা, ইত্যাদি। এসব তথ্য সরবরাহের পদ্ধতি ভিন্ন হতে পারে:

- ১। সেন্টারের মালিক, সংযুক্ত এলএসপি এবং খাবার ও ঔষধ কোম্পানী বিশেষজ্ঞ থেকে সরাসরি তথ্য সরবরাহ; ২। আনুষ্ঠানিক এবং অনানুষ্ঠানিক প্রশিক্ষণ; ৩। প্রদর্শনী; ৪। কল সেন্টার এবং ৫। মোবাইল অ্যাপস এর মাধ্যমে তথ্য প্রদান।



**USAID**  
আমেরিকার জনগণের পক্ষ থেকে



## মাটি এবং পানির গুণাগুণ পরীক্ষা

পানি এবং মাটির পিএইচ, অ্যামোনিয়া, ডিও (দ্রবীভূত অক্সিজেন), টার্বিডিটির (ঘোলাত্ব) মতো বিভিন্ন ধরনের পরীক্ষার পরিষেবাগুলো প্রতিটি ওয়ান স্টপ সার্ভিস সেন্টারে রয়েছে। প্রতিটি সেন্টার মাটি ও পানি পরীক্ষার কিট এবং সরঞ্জাম রাখে। এখানকার প্রশিক্ষিত প্রতিনিধি কিংবা বিভিন্ন উপকরণ (খাবার, ঔষধ) কোম্পানির কারিগরি বিশেষজ্ঞদের সহায়তায় এসব সেবা প্রদান করা হয়। এর পাশাপাশি কৃষকদের দোরগোড়ায় সেবা দেওয়ার জন্য প্রশিক্ষিত এলএসপিদের সংযুক্ত করা হয়।



## মাছচাষে ব্যবহৃত আধুনিক যন্ত্রপাতি বিক্রয়/ ভাড়া প্রদান

ওয়ান স্টপ সার্ভিস সেন্টারে অ্যারেটর, ডিও মিটার, পিএইচ মিটার, সেকিডিস্ক, ইত্যাদি অ্যাকোয়া মেশিনারি রয়েছে। কৃষকরা তাদের প্রয়োজন অনুযায়ী এসব যন্ত্রপাতি কিনে কিংবা ভাড়া নিয়ে ব্যবহার করতে পারেন। স্থানীয় চাহিদা এবং মাছ চাষের প্রেক্ষাপটের কারণে একটি সেন্টারে সব ধরনের যন্ত্রপাতি না-ও থাকতে পারে। সেক্ষেত্রে সেন্টার এ যন্ত্রপাতি বিক্রয় কিংবা ভাড়া দেয় এমন প্রতিষ্ঠানের সাথে কৃষকদের সংযুক্ত করে দিবে।

## আর্থিক এবং ব্যাংকিং এবং ঋণ সুবিধার তথ্য

ওয়ান স্টপ সার্ভিস সেন্টার থেকে প্রয়োজনে চাষীরা বাকিতে মাছের উপকরণ কিনতে পারেন। এছাড়া সেন্টার থেকে ব্যাংকিং তথ্য প্রচার এবং ব্যাংকিং ও ক্ষুদ্র ঋণ অংশীদারদের সহায়তায় চাষীদের আর্থিক স্বাক্ষরতা প্রশিক্ষণ দেয়া হয়। এছাড়া সেন্টার ব্যাংকের এজেন্ট/মাইক্রো মার্চেন্ট এবং আর্থিক প্রতিষ্ঠানের অংশীদার হিসেবেও কাজ করে। চাষীদের প্রয়োজন হতে পারে এমন যে কোন আর্থিক প্রতিষ্ঠানের তথ্যও সেন্টারে পাওয়া যাবে।



## মাছ এবং মাছের উপকরণ পরিবহন সুবিধা

ওয়ান স্টপ সার্ভিস সেন্টারের তত্ত্বাবধানে খামারের গেটে মাছের উপকরণ এবং খামারের গেট থেকে বাজার পর্যন্ত মাছ বহন করার জন্য পরিবহন সেবার ব্যবস্থা আছে।

## মাছ কেনাবেচায় সহায়তা

ওয়ান স্টপ সার্ভিস সেন্টার মাছ চাষী ও মাছ ক্রেতাদের মধ্যে সংযোগস্থল হিসেবে কাজ করে। বড় মাছ ব্যবসায়ীরা সেন্টারে যোগাযোগ করে তাদের মাছের প্রয়োজনীয়তা জানালে সেন্টার সে অনুযায়ী চাষীদের কাছ থেকে মাছ সংগ্রহ করে। এভাবে বড় বিক্রেতার কাছে সরাসরি বিক্রি করে চাষীরা ভালো দাম পায়। সেন্টারগুলো ফরোয়ার্ড মার্কেট অংশীদারদের সাথে যুক্ত হয় যাতে চাষীরা এই কেন্দ্রগুলো থেকে নিয়মিত ভিত্তিতে হালনাগাদ বাজার তথ্যও পেতে পারে।

